DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ‧ তৈরি: 15 Jul 2026, 04:05 PM

আন্তর্জাতিক

# খামেনি হত্যার প্রতিশোধে ট্রাম্প-নেতানিয়াহুসহ ১৩ নেতার ‘টার্গেট তালিকা’ প্রকাশ

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ১২ জুলাই ২০২৬, ১০:৪০ PM



ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির হত্যাকাণ্ডের প্রতিশোধ নিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ কয়েকজন বিদেশি নেতাকে সম্ভাব্য ‘টার্গেট’ হিসেবে উল্লেখ করে একটি তালিকা প্রকাশ করেছে দেশটির প্রভাবশালী গণমাধ্যম। আন্তর্জাতিক সংবাদ সংস্থা এএফপি এ তথ্য জানিয়েছে।

তেহরানের ঘনিষ্ঠ ও রক্ষণশীল সুরের জন্য পরিচিত ‘হামশাহরি’ পত্রিকার অনলাইন সংস্করণে শনিবার গভীর রাতে একটি ইনফোগ্রাফিক প্রকাশ করা হয়। এতে ১৩ জন বিদেশি নেতার ছবি দেখানো হয়েছে।

এর আগে ইরানের বর্তমান সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি তার বাবার হত্যার প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করেন। এক বিবৃতিতে তিনি

বলেন, প্রতিশোধ পুরো জাতির ইচ্ছা এবং তা অবশ্যই বাস্তবায়ন করা হবে। তবে তিনি নির্দিষ্ট কারও নাম উল্লেখ করেননি।

এর পরপরই হামশাহরির অনলাইন সংস্করণে প্রকাশিত ইনফোগ্রাফিকে যেসব নেতার ছবি দেখা যায়, তাদের মধ্যে রয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার।

এ ছাড়া যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের ছবিও তালিকায় রয়েছে। ইউরোপীয় নেতাদের মধ্যে ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ, ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি এবং জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ ম্যার্ৎসের ছবিও প্রকাশ করা হয়েছে।

এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, তালিকায় থাকা বাকি নেতাদের নাম প্রকাশ করা হয়নি। ইনফোগ্রাফিকটি শুধু অনলাইন সংস্করণে দেখা গেছে; রোববারের প্রিন্ট সংস্করণে এটি প্রকাশ করা হয়নি।

তবে এই তালিকা ইরানের শীর্ষ নীতিনির্ধারকদের আনুষ্ঠানিক অনুমোদিত কি না, তা স্পষ্ট নয়। যদিও হামশাহরি পত্রিকাটি তেহরানের সরকারি মহলে ব্যাপক প্রভাবশালী হিসেবে পরিচিত।

এর আগে ইরান অভিযোগ করেছিল, সাম্প্রতিক পূর্ণাঙ্গ সংঘাতের সময় কয়েকটি ইউরোপীয় দেশ যুক্তরাষ্ট্রকে নিজেদের ভূখণ্ড ও আকাশসীমা ব্যবহারের সুযোগ দিয়েছে। তেহরানের দাবি, এ কারণে ওই দেশগুলোও ওয়াশিংটনের সহযোগী হিসেবে বিবেচিত।

ইরানি গণমাধ্যমে এমন ‘টার্গেট তালিকা’ প্রকাশ এবং প্রতিশোধের হুমকির ঘটনায় মধ্যপ্রাচ্যসহ আন্তর্জাতিক অঙ্গনে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে।

সূত্র: দ্য টেলিগ্রাফ, এএফপি

---

## এ বিভাগের আরও খবর



**আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের...



### বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস

সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...

---



### যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...

---



### মার্কিন হামলায় ইরানে নিহত ৩০

ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/khameni-htjar-prtishodhe-tramp-netaniyahush-13-netar-target-talika-prkash